২৬/৭/২০০২

# দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ......

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে বিপিএড শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

আমরা বলে থাকি, শিক্ষাই জাতির প্রাণশক্তি। যে জাতি যত অধিক জ্ঞানী ও সুস্বাস্থ্যবান সে জাতি তত অধিক উন্নত। এ ক্ষেত্রে স্বাস্থ্য বিষয়ক জ্ঞান একটি গুরুত্বপূর্ণ দিক। শারীরিক শিক্ষা জাতিকে গড়ে তুলতে পারে একটি শক্তিশালী এবং সমৃদ্ধশালী জাতি হিসেবে। দুর্বল জাতি কোনদিন দেশরক্ষা করতে পারে না। এবং দেশের উন্নতি আশা করতে পারে না। সেইসাথে ক্রীড়া উন্নয়ন দেশের জন্য গৌরব এনে দিতে পারে এবং দেশের ভাবমূর্তি বিশ্বের দরবারে তুলে ধরতে পারে। ক্ষেতে-খামারে, কলে-কারখানায়, খেলাধুলায়, দেশরক্ষায়- যে কোন দিকে আমরা তাকাইনা কেন দুর্বল জাতি দ্বারা তার উন্নতিসাধন সম্ভব নয়। সুতরাং, দেশকে একটি শক্তিশালী, সমৃদ্ধশালী ও স্বনির্ভর হিসেবে গড়ে তুলতে প্রয়োজন শক্তিশালী সুস্বাস্থ্যবান কর্মঠ জাতি। আর এই শক্তিশালী কর্মঠ জাতি উপহার দিতে পারে একমাত্র উপযুক্ত শারীরিক শিক্ষায় শিক্ষিত প্রশিক্ষকগণ। এতদুদ্দেশ্যে সরকার দেশের সকল সরকারী এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষক তথা বিপিএড শিক্ষক নিয়োগ করেছেন, এটা সরকারের জন্য একটি প্রশংসনীয় পদক্ষেপ। কিন্তু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষক নিয়োগের নতুন করে বিধিনিষেধ আরোপের ফলে হাজার হাজার শারীরিক প্রশিক্ষক সরকারী এবং বেসরকারী কলেজ হতে কোটি কোটি টাকা ব্যয় সাপেক্ষে প্রশিক্ষণ গ্রহণ করে তাদের মেধাকে কাজে লাগাতে পারছে না। ফলে দেশের লক্ষ লক্ষ ছাত্রছাত্রী খেলাধুলার উন্নততর কলা-কৌশল এবং শারীরিক শিক্ষা হতে বঞ্চিত হচ্ছে। শিক্ষা ক্ষেত্রে যাদের দু'টি বিষয়ে ২য় বিভাগ তারা অবশ্যই মেধা তালিকায় আসতে পারে। কিন্তু সরকার ২টি বিষয়ে ২য় বিভাগ আছে এমনসব শারীরিক (বিপিএড) শিক্ষক নিয়োগ বন্ধ রেখেছেন। উল্লেখ যে, সরকারী কলেজগুলোর মাধ্যমে এই শারীরিক শিক্ষা প্রদানে সরকারের কোটি কোটি টাকা ব্যয় হয়েছে। এ প্রেক্ষিতে আমাদের নিবেদন, যেহেতু দেশে পর্যাপ্ত শারীরিক শিক্ষক নেই এবং যেহেতু হাজার হাজার শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষকের অভাবে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী শারীরিক শিক্ষা হতে বঞ্চিত হচ্ছে সেহেতু এই দিকটি বিবেচনা করে অন্তত বিপিএড শিক্ষকদের জন্য যাদের ২টি বিষয়ে ২য় বিভাগ আছে তারা যাতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে চাকরির জন্য আবেদন করতে পারে এ বিষয়ে সরকার দ্রুত পদক্ষেপ গ্রহণ করে দেশকে একটি স্বনির্ভর কর্মঠ এবং সমৃদ্ধশালী জাতি হিসেবে গড়ে উঠতে সহায়তা করবেন এটিই আমাদের দৃঢ়বিশ্বাস এবং প্রত্যাশা।

–বিপিএড প্রশিক্ষকবৃন্দের পক্ষে; মোঃ আবুল আহসান,
সাধারণ সম্পাদক, বিপিএড প্রশিক্ষণপ্রার্থী কল্যাণ সমিতি;
অলিম্পিয়া ইনস্টিটিউট অব ফিজিক্যাল এডুকেশন,
উত্তরা, ঢাকা।